যুগান্তর

তারিখ 14 JAN 2003
পৃষ্ঠা 2 কলাম 6

# রাজধানীর সরকারি স্কুলের ভর্তি পরীক্ষার ফল প্রকাশ

যুগান্তর রিপোর্ট

রাজধানীর সরকারি ২৪টি স্কুলের ভর্তি পরীক্ষার ফলাফল গতকাল একযোগে প্রকাশিত হয়েছে। এসব স্কুলের বিভিন্ন শ্রেণীতে ৭ হাজার ৪১১টি আসনের বিপরীতে সমান সংখ্যক শিশু-কিশোরকে ভর্তির জন্য মনোনীত করা হয়েছে। এ ফলাফল সংশ্লিষ্ট স্কুলের নোটিশ বোর্ডে গতকাল টাঙিয়ে দেয়া হয়।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের কেন্দ্রীয় নিয়ন্ত্রণে ২৪টি স্কুলকে 'ক', 'খ' ও 'গ' গ্রুপে ভাগ করে যথাক্রমে ১১, ১২ ও ১৩ জানুয়ারি ভর্তি পরীক্ষা নেয়া হয়। এতে মোট ৩১ হাজার পরীক্ষার্থী অংশ নেয়।